গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নং ০৫১.০১.৫৮০০.০০০.১৪.০২৬.২৩-৩৮৩

তারিখ ১১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ।
২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ।

**বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক উন্নয়ন খাতে ১ম পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত খাদ্যশস্যের (চাল) প্রকল্প তালিকা অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা ১৪.০৮.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.০০০০.০১১.১৪.০০৪.২৩.২৫৭ নং স্মারক।
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলাউড়া এর ১৩.০৯.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৬৫.০০০.১৪.০০৩.২৩.৩২৮ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক উন্নয়ন খাতে** কুলাউড়া উপজেলায় **১ম পর্যায়ে** বরাদ্দপ্রাপ্ত খাদ্যশস্যের (চাল) প্রকল্প তালিকা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করেছেন।

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ আলোকে জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুকূলে নিয়োক্তভাবে ও শর্তে এতদ্বারা উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রম | উপজেলার নাম | প্রকল্প সংখ্যা | উপ-বরাদ্দকৃত খাদ্যশস্যের (চাল) পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | কুলাউড়া | =১০ (দশ)টি | =৪৪.৯২৬২ (চুয়াল্লিশ দশমিক নয় দুই ছয় দুই) মে.টন। | |

২। এ ব্যয় বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল) কোড হতে নির্বাহ করা হবে।

শর্তাবলী :

১। ২০২৩-২০২৪ অর্থ বছরে বর্ণিত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩০.০৯.২০২৩ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

২। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৩। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখাসহ ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;

৫। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৬। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

৭। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

৮। নতুনভাবে তৈরীকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগীয় পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;

৯। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/ খাদ্যশস্য ছাড় করত হবে;

১০। উক্ত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ২য় কিস্তির বরাদ্দ বিবেচনা করা হবে না।

১১। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

১২। নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে অনুমোদিত প্রকল্প তালিকা................পাতা।

২৬.৯.২৩
(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ফোনঃ ০২৯৯৬৬৮৩২০২
e-mail: dcmoulvibazar@mopa.gov.bd

চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কুলাউড়া, মৌলভীবাজার।

(চলমান পাতা: ০২)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ২৩৬ মৌলভীবাজার- ২।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। পরিচালক, (মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপপ্তর, ঢাকা।
৬। উপ-সচিব, (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। উপ-পরিচালক (কাবিখা-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৯। উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার।
১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার।
১১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার।
১৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার।
১৪। উপজেলা হিসাব খাদ্য নিয়ন্ত্রক, কুলাউড়া, মৌলভীবাজার।
১৫। অফিস কপি।

"পরিশিষ্ট-খ"

**"২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদওয়ারী উন্নয়ন খাতে ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৪৪.৯২৬২ মেঃটন চাল অর্থ দ্বারা বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পের তালিকা"**

উপজেলাঃ কুলাউড়া, জেলাঃ মৌলভীবাজার, অর্থ বছরঃ ২০২৩-২০২৪ খ্রিঃ

| ক্রঃনং | প্রকল্পের নাম | ইউনিয়নের নাম | বরাদ্দের পরিমাণ খাদ্যশস্য (চাল) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ৮নং ওয়ার্ডের পশ্চিম সিংগুর গ্রীজিং মসজিদ হইতে পশ্চিমমূখী রাস্তায় মাটি ভরাট। | বরমচাল | ৪.০০০ |
| ২ | ৭নং ওয়ার্ডের ভূকশিমইল তুরাবউল্লাহ চৌমুহনী হতে পূর্বমূখী নোয়াবাড়ি রাস্তার ইটসলিং পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ। | ভূকশিমইল | ৪.৯২৬২ |
| ৩ | ৮নং ওয়ার্ডের ভাটেরা দারুসুন্নাহ মাদ্রাসার সম্মুখের মাঠে মাটি ভরাট। | ভাটেরা | ৩.০০০ |
| ৪ | ৩নং ওয়ার্ডের আবুতালিবপুর-মিঠুপুর ব্রীজের উভয়পাশে রাস্তা ইটসলিং করণ। | জয়চন্ডী | ৪.০০০ |
| ৫ | ৮নং ওয়ার্ডের মধ্য হিংগাজিয়া গ্রামে সাজিদ মিয়ার বাড়ির সামনের রাস্তা পুনঃ নির্মাণ। | ব্রাহ্মণবাজার | ৪.০০০ |
| ৬ | ৩নং ওয়ার্ডের ভাতাইয়া মালেক সাহেবের বাড়ি হইতে কুদালীছড়া কালভার্ট পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ। | কুলাউড়া | ৩.০০০ |
| ৭ | ৪নং ওয়ার্ডের চৌধুরীবাজার দাখিল মাদরাসা উন্নয়ন ও মাঠভরাট। | রাউৎগাঁও | ৩.০০০ |
| ৮ | ৭নং ওয়ার্ডের পূর্ব হাসিমপুর মতিন মিয়ার বাড়ির সামনের রাস্তা হতে আব্দুস সালামের বাড়ির সামনা পর্যন্ত রাস্তা পুনঃনির্মাণ। | কর্মধা | ৯.০০০ |
| ৯ | ২নং ওয়ার্ডের কাদির মেম্বারের বাড়ি হতে পূর্বমূখী নেছারের বাড়ি পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ। | কর্মধা | ৭.০০০ |
| ১০ | ০৩ নং ওয়ার্ডের মুরইছড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাট। | কর্মধা | ৩.০০০ |
| **সর্বমোটঃ ১০ (দশ) টি প্রকল্প** | | মোট= | ৪৪.৯২৬২ |

**কথায়ঃ চৌচল্লিশ দশমিক নয় দুই ছয় দুই মেঃটন চাল।**

১৮/০৭/২৩

**শিমুল আলী**
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
কুলাউড়া, মৌলভীবাজার।

২৩/০৭/২৩
(মোঃ মাহমুদুর রহমান খোন্দকার)
পরিচিতি নম্বর : ১৭৬৯১
উপজেলা নির্বাহী অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার।

২৩/০৭/২৩
এ.কে.এম সফি আহমদ (সলমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুলাউড়া, মৌলভীবাজার।

২৪.৭.২৩
মোহাম্মদ ছাদু মিয়া
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
মৌলভীবাজার।

অনুমোদিত
২৫-৭-২৩
ড. উর্মি বিনতে সালাম
জেলা প্রশাসক
মৌলভীবাজার